

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
www.fid.gov.bd

বিষয়: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ ও বাস্তবায়ন সংক্রান্ত কমিটির ২০২২-২৩ অর্থবছরের এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার কার্যক্রমের ওপর মূল্যায়ন প্রতিবেদনের কার্যবিবরণী।

সভাপতি : জনাব বদরে মুনির ফেরদৌস, যুগ্মসচিব (ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার) ও আহ্বায়ক,
সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি
স্থান : কক্ষ-৩০১, ভবন-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
তারিখ ও সময় : ২৭ জুলাই ২০২৩, বৃহস্পতিবার, সকাল ১০.০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি বলেন ২০২২-২৩ অর্থবছরের এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার মূল্যায়নের বিধান রয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী মোট ছয়টি (০৬) কার্যক্রম রয়েছে। [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন; [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; [১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থা সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন; [১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ); [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন এবং [২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন। কার্যক্রমসমূহের মোট পূর্ণমান ২৫। ২৫ নম্বর প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ নির্দেশিকা অনুযায়ী APA-তে ৩ নম্বর পাবে। যে সকল প্রতিষ্ঠান ২৫ নম্বরের কম পাবে সে সকল প্রতিষ্ঠান ওয়েটেড স্কোর হিসাবে নম্বর পাবে।

ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতির প্রাপ্ত কাগজপত্রাদি ও প্রমাণকসমূহ বিশ্লেষণ করে খসড়া মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করেন। পরবর্তীতে কমিটির সভাপতি মহোদয় এবং অন্যান্য সদস্যগণ পুনরায় মূল্যায়ন প্রতিবেদন যাচাই-বাছাই করে নিম্নোক্ত ফলাফল পেয়েছেনঃ

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ:

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম	সর্বমোট প্রাপ্ত নম্বর	এপিএ প্রাপ্ত নম্বর
১.	সোনালী ব্যাংক পিএলসি	২৫	৩
২.	জনতা ব্যাংক লিমিটেড	২৫	৩
৩.	অগ্রণী ব্যাংক লিমিটেড	২৫	৩
৪.	রূপালী ব্যাংক লিমিটেড	২৫	৩
৫.	বেসিক ব্যাংক লিমিটেড	২৫	৩
৬.	বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড	২৫	৩

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন বিশেষায়িত ব্যাংকসমূহ:

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম	সর্বমোট প্রাপ্ত নম্বর	এপিএ প্রাপ্ত নম্বর
১.	বাংলাদেশ কৃষি ব্যাংক	২৫	৩
২.	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	২৫	৩
৩.	আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক	২৫	৩
৪.	প্রবাসী কল্যাণ ব্যাংক	২৫	৩

৫.	কর্মসংস্থান ব্যাংক	২৫	৩
৬.	পল্লী সঞ্চয় ব্যাংক	২৫	৩

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন নন-ব্যাংক প্রতিষ্ঠানসমূহ:

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম	সর্বমোট প্রাপ্ত নম্বর	এপিএ প্রাপ্ত নম্বর
১.	বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	৫.৫	.৬৬
২.	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন	২৫	৩
৩.	মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি	২৫	৩
৪.	বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন	২৫	৩
৫.	ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ	২৫	৩
৬.	সাধারণ বীমা কর্পোরেশন	২৫	৩
৭.	জীবন বীমা কর্পোরেশন	২৫	৩
৮.	বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিট্যাল মার্কেট	২৫	৩
৯.	বাংলাদেশ ইনস্যুরেন্স একাডেমি	২৫	৩

পরিশেষে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বাঃ/-
(বদরে মুনির ফেরদৌস)
যুগ্মসচিব
ও
আহ্বায়ক
সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ
ও বাস্তবায়ন সংক্রান্ত কমিটি
ফোন: ৯৫৪৬৩৩৩

স্মারক নং: ৫৩.০০.০০০০.২০০.৯৯.০০৩.২২.১০৮

তারিখ: ০৩ আগস্ট ২০২৩ খ্রিঃ

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব (বাজেট) ও এপিএ ফোকাল পয়েন্ট), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন, উপসচিব ও সদস্য, সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;
- ৩। জনাব মীনাফী বর্মন, উপসচিব ও সদস্য, সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;
- ৪। জনাব ফরিদা ইয়াসমিন, উপসচিব ও সদস্য, সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ৫। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। প্রোগ্রামার (আইসিটি), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (ওয়েবসাইটে সিটিজেন্স চার্টার অংশে প্রদর্শনের অনুরোধসহ)
- ৭। অফিস কপি।


(মোঃ গোলাম মোস্তফা)
উপসচিব

ও
সদস্য সচিব
সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ ও বাস্তবায়ন
সংক্রান্ত কমিটি
ফোন: ৯৫১৩৫০০